

জেএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ

■ সমকাল ভেতর

চলতি জেএসসি পরীক্ষায় দেশের বিভিন্ন স্থানে প্রসপত্র ফাঁসের খবর পাওয়া গেছে। কোথাও কোথাও ফাঁস হওয়া প্রদেই নেওয়া হয়েছে ইংরেজি প্রথমপত্র, বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র পরীক্ষা। এদিকে প্রসপত্র ফাঁসের ঘটনায় শিক্ষার্থীদের মধ্যে যেমন হতাশা বিরাজ করছে, তেমনি অভিভাবকরাও কোণ্ডে চুঁসছেন। প্রতিনিধিদের পাঠানো খবর:

নেত্রকোনা : এসএসসি পরীক্ষার প্রসপত্র ফাঁসের পর এবার নেত্রকোনায় জুনিয়র হুস সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার প্রসপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। ফাঁস হওয়া প্রসপত্রে ইংরেজি প্রথমপত্র, বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় প্রশাসন কোনো ব্যবস্থা না নেওয়ার শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে কোণ্ডের সৃষ্টি হয়েছে। শনিবার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা শেষে নেত্রকোনা জাঙ্গল আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে কয়েকজন অভিভাবক এ নিয়ে হৈঠে করেন। কিন্তু এ ব্যাপারে স্থানীয় প্রশাসন কোনো ব্যবস্থা নিচ্ছে না।

সাঁটুরিয়া (মানিকগঞ্জ) : জুনিয়র হুস সার্টিফিকেট পরীক্ষায় বাংলা দ্বিতীয়পত্রের সঙ্গে ফাঁস হওয়া হাতের লেখা প্রশ্ন হুবহু মিলে গেছে। হাতে লেখা ফটোকপি প্রসপত্র ছিল প্রায় তিন হাজার ছাত্রছাত্রীর হাতে। এদিকে 'সাঁটুরিয়ায় জেএসসি প্রশ্ন ফাঁস ও মিলছে ৪০০ টাকায়' এই শিরোনামে শনিবার সমকালে সংবাদ প্রকাশ হলে প্রশাসনের টনক নড়ে। এখনও পুলিশ প্রসপত্র ফাঁসকারী চক্রকে আটক করতে পারেনি। তবে পুলিশ ওই চক্রকে ধরতে বিশেষ অভিযান চালাবে বলে জানায়।

ভালুকা (ময়মনসিংহ) : বৃহস্পতিবার এখানে ইংরেজি প্রথমপত্র ও গতকাল অনুষ্ঠিত বাংলা দ্বিতীয়পত্রের প্রশ্নের সঙ্গে ফাঁস হওয়া প্রসপত্রের হুবহু মিল থাকলেও কর্তৃপক্ষ কোনো পদক্ষেপ নেননি। গতকাল সকালে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয়পত্রের প্রশ্নের সঙ্গেও ফাঁস হওয়া প্রসপত্রের হুবহু মিল পাওয়া গেছে। অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ার শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম হতাশা বিরাজ করছে।